

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.২৭৩

তারিখ: ১ কার্তিক ১৪২৮

১৭ অক্টোবর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৭১৭৫/২০২০ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলার পীরগাছা কলেজের প্রভাষক (দর্শন বিভাগ), জনাব মোঃ আব্দুল মোতালেব এর নভেম্বর-২০১৮ হতে জুন-২০১৯ পর্যন্ত (০৮ মাসের) ২,৩২,৫৮২/- (দুই লক্ষ ত্রিশ হাজার পাঁচশত বিরাশি) টাকা মাত্র বকেয়া বেতন/ভাতাদি প্রাপ্তির জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর ১৬/০২/২০২০ তারিখে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি সংশ্লিষ্ট হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭১৭৫/২০২০ মামলা দায়ের করেন। এ মামলায় ১২/০৯/২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 2 is directed to dispose of the application of the petitioner dated 16.02.2020 as evident in Annexure-D to the instant writ petition within 15 (fifteen) working days from the date of receipt of the instant order.”

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৭১৭৫/ ২০২০ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ১৬/০২/২০২০ তারিখের আবেদনটি (Annexure-D) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলার তথ্য ডাটা বেইজে এন্ট্রি করাসহ সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-১০-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.২৭৩/১


তারিখ: ১ কার্তিক ১৪২৮

১৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

8) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৭-১০-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব